

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৯৯

আগরতলা, ৭ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“স্বাস্থ্য পরিষেবার গুরুত্বপূর্ণ অঙ্গ নার্সিং বিভাগ উপেক্ষিত, বাড়ছে ক্ষোভ,” এই শিরোনামে স্যাল্ডন পত্রিকায় গত ১ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক নিয়োগের জন্য নার্সিং অফিসার পদে রিফ্রুটমেন্ট রুলস রয়েছে। নার্সিং অফিসার পদ (যা পূর্বে স্টাফ নার্স নামে পরিচিত ছিল) থেকে বিভিন্ন পদোন্নতির সুযোগ রয়েছে, যেমন সিস্টার টিউটর (বর্তমানে টিউটর হিসাবে পুনঃনিযুক্ত), সিস্টার/ওয়ার্ড সিস্টার (বর্তমানে সিনিয়র নার্সিং অফিসার হিসাবে পুনঃনিযুক্ত) এবং পাবলিক হেলথ নার্স (বর্তমানে পাবলিক হেলথ নার্সিং অফিসার হিসাবে পুনঃনিযুক্ত)। এই পদোন্নতির পদগুলোর জন্য রিফ্রুটমেন্ট রুলস দপ্তরে বিদ্যমান রয়েছে। যোগ্য নার্সিং অফিসারদের পদোন্নতি দেওয়ার জন্য দপ্তর উদ্যোগ নিয়েছে এবং সেই অনুযায়ী সংশ্লিষ্ট অফিস প্রধানদের কাছ থেকে এসিআর চাওয়াও হয়েছে। যদিও নার্সিং অফিসার পদটি গ্রুপ-সি-এর অন্তর্ভুক্ত, তবে পদোন্নতির সমস্ত পদ গ্রুপ-বি স্তরের। নার্সের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে স্বাস্থ্য পরিষেবা জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে নার্সিং অফিসারের ৩৩২টি শূন্য পদের জন্য নিয়োগের প্রস্তাব দেওয়া হয়েছে। পাশাপাশি খুব শীঘ্রই ১০০ জন নার্সিং অফিসার চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। ইতিমধ্যে ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। উক্ত পদের জন্য আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ২৫ জুলাই ২০২৫, এবং প্রার্থী নির্বাচন ও নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় প্রশাসনিক প্রক্রিয়াও বর্তমানে অব্যাহত রয়েছে। গত ১৫ জুন ২০১৭ তারিখে অর্থ দফতরের এক বিজ্ঞপ্তি অনুযায়ী, নার্সিং কর্মীরা প্রতি মাসে ১৫০ টাকা ওয়াশিং অ্যালাউন্স পাওয়ার অধিকারী। এছাড়াও, নার্সিং কর্মীরা সরকারি চাকরিতে যোগদানের সময় ১২০০ টাকা কিট অ্যালাউন্স পান এবং এরপর প্রতি তিন বছর অন্তর ৮০০ টাকা কিট অ্যালাউন্স পেতে থাকেন।

নার্সিং অফিসারের নিয়োগ বিধি অনুসারে, বি.এস.সি. নার্সিং অথবা পোস্ট বেসিক বি.এস.সি. নার্সিং-এর মতো উচ্চতর যোগ্যতা সম্পন্ন নতুন নিয়োগপ্রাপ্তদের একটি অতিরিক্ত ইনক্রিমেন্ট দেওয়ার বিধান রয়েছে। সেই অনুযায়ী, দপ্তর নতুন নিয়োগপ্রাপ্তদের এই সুবিধা প্রদান করে থাকে। পূর্বে, কর্মরত নার্সিং কর্মীদের জন্য এই সুবিধাটি সম্প্রসারিত করার একটি প্রস্তাব করা হয়েছিল। কিন্তু সেই ক্ষেত্রে অর্থ দপ্তর প্রয়োজনীয় অনুমোদন পাওয়া যায়নি।
